তারিখ ... ২০/৯/২০০০
পৃষ্ঠা ... ৬ কলাম ... ৩ ......

যুগান্তর

৪৩

# বগুড়া আযিযুল হক কলেজে উত্তেজনা, ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

বগুড়া প্রতিনিধি,

বগুড়ায় সরকারি আযিযুল হক কলেজে আবারও উত্তেজনা ছড়িয়ে পড়েছে। কলেজ থেকে বিতাড়িত শিবির ক্যাডারদের ক্যাম্পাসে সম্ভাব্য হামলার মোকাবেলায় রোববার ছাত্রলীগকে ব্যাপক প্রস্তুতি নিতে দেখা গেছে। তারা ইতিমধ্যেই কলেজের হোস্টেল, সায়েন্স বিল্ডিং এবং ক্যাম্পাসসংলগ্ন সিরাজের হোটেলে শক্ত অবস্থান নিয়েছে। ক্যাম্পাসেও ছাত্রলীগ ক্যাডারদের আনাগোনা চলছে।

পুলিশ : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## পুলিশ : মোতায়েন

(শেষ পৃষ্ঠার পর)

সংঘর্ষের আশঙ্কায় কলেজে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

কলেজ সূত্রে জানা গেছে, গত ৬ সেপ্টেম্বর ক্যাম্পাসে শিবির ও ছাত্রলীগ সংঘর্ষের পর শিবির নেতাকর্মীরা কলেজ থেকে বিতাড়িত হয়। এরপর গত ১১ সেপ্টেম্বর গণিত বিভাগের ছাত্র ও শিবিরকর্মী জাহাঙ্গীর হোসেন ক্লাস করতে গেলে ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাসেই তাকে ছুরিকাঘাত করে। এর ২ দিন পর পদার্থবিদ্যা বিভাগের ছাত্র মোস্তাফিজুর রহমানকে ধাওয়া করে পুলিশে দেয়া হয়। এসব ঘটনার পর থেকে শিবিরের নেতাকর্মী ও সমর্থক ছাত্ররা কলেজে ঢুকতে পারছে না।

শিবির বগুড়া শহর শাখার দায়িত্বশীল এক নেতা বলেছেন, কলেজ কর্তৃপক্ষ তাদের নিরাপত্তা নিশ্চিত না করার কারণে বাধ্য হয়ে তারা খুব শিগগিরই কয়েকশ নেতাকর্মী নিয়ে ক্যাম্পাসে ঢুকবে।

ছাত্রলীগের একটি সূত্র জানিয়েছে, তাদের কাছে খবর এসেছে আগামী ২০ সেপ্টেম্বর শিবিরের ক্যাডাররা সশস্ত্র অবস্থায় ক্যাম্পাসে ঢুকবে এবং ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর নির্বিচারে হামলা চালাবে। এ কারণে তারা কলেজ ক্যাম্পাস এবং সংলগ্ন এলাকায় সম্ভাব্য প্রতিরোধ গড়ে তুলেছে।

SHEET —— OF —— SHEETS